

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ২৩.০৪.০০০০.০০৮.৩৩.০১২.১৬-২৪

তারিখ: ৫/১/২০২০ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের জন্য বাংলাদেশের যোগ্য প্রার্থীগণের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫ টাকা ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড)	২ টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ৩ টি প্রথম শ্রেণি বা বিভাগসহ ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফরমেশন টেকনোলজি, ওয়াটার রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং, ফটোগ্রামেট্রিক, রিমোট সেন্সিং বিষয়ে স্নাতক ডিগ্রি।

নিম্নবর্ণিত শর্তসমূহ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:

১। <http://sparrso.teletalk.com.bd> তে প্রদত্ত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।

২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময়:

(ক) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২/১/২০২০ খ্রি: তারিখ সকাল ১০:০০ টা।

(খ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৩/১/২০২০ খ্রি: তারিখ সন্ধ্যা ৬:০০ টা।

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ সন্ধ্যা ৬:০০ টার মধ্যে User ID- প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(গ) পরীক্ষার ফি বাবদ টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ৩০০ টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিতে হবে।

৩। বয়সসীমা: ১১/১/২০২০ খ্রিঃ তারিখে বয়স-

(ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর বয়স সীমা ১৮-৩০ বছর।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স সীমা ১৮-৩২ বছর।

৪। জাতীয়তা :

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

৬। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর ২ (দুই) বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

৭। আবেদনপত্রে নাম ও জন্ম তারিখে ত্রুটি থাকলে, প্রার্থীর স্বাক্ষর না থাকলে অথবা অন্য কোনো রূপ গুরুতর (substantive) ত্রুটি থাকলে প্রার্থিতা বাতিল হবে।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় নিয়োক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

(ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা হলে পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের ২ টি সত্যায়িত কপি জমা দিতে হবে। লাল মুক্তিবর্তা / ভারতীয় তালিকা / গেজেটের ২ টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে।

(খ) আবেদনকারী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর / পৌরসভার মেয়র / কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২ টি সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(গ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপরিচালক / সমপদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

- (ঘ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি দাখিল করতে হবে।
- ৯। ৮ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ অন্যান্য শিক্ষাগত ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদ পত্র এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষা বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- ১০। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।
- ১৩। লিখিত পরীক্ষার প্রবেশপত্র <http://sparrso.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রাপ্তির বিষয়টি প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে।
- ১৪। মৌখিক পরীক্ষার সময়সূচী স্পারসোর ওয়েবসাইটে (www.sparrso.gov.bd) প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে ডাকযোগে কোন সাক্ষাতকারপত্র প্রেরণ করা হবে না।
- ১৫। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩১/০৫
৩১/২০২০

(মোঃ ইমতিয়াজ হোসেন)
সচিব (উপসচিব)
স্পারসো।

ফোনঃ ০২-৯১৪১৬০১

ইমেইল: admin@sparrso.gov.bd